# পশ্চিমবঙ্গ সরকার
# করিমপুর - ১ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
# নদীয়া

## আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পত্রাঙ্কঃ ১২০৫/কে.এম.পি.-১

তারিখঃ ১৮.০৫.২০২২

নদীয়া জেলা অর্ন্তগত তেহট্ট মহকুমার করিমপুর - ১ ব্লকের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অর্ন্তগত তিন (৩) সংখ্যক সংসদে 'আশা কর্মী' নিয়োগের জন্য সংশ্লিষ্ট গ্রাম সংসদ এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানে (সারণী -১ দ্রষ্টব্য) দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| শূন্য পদের বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|
| ব্লক | গ্রাম পঞ্চায়েত | উপস্বাস্থ্য কেন্দ্র | সংসদ | শূন্য পদ | সংরক্ষনের ধরণ |
| করিমপুর - ১ | হোগলবাড়ীয়া | হোগলবাড়ীয়া | হোগলবাড়ীয়া (৫) | ১ | তপশিলী জাতি |
| | করিমপুর - ২ | পাট্টাবুকা | করিমপুর - ২(৯) | ১ | সাধারণ |
| | হরেকৃষ্ণপুর | জয়রামপুর | জালালেরপাড়া (১৩) | ১ | সাধারণ |

১. কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আদলত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারবেন।

২. আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রাম সংসদের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণ স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার এপিক ও রেশনকার্ডের প্রত্যায়িত নকল জমা দিতে হবে এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান উক্ত সংসদ এবং পাড়া উল্লেখ করে বাসস্থান বিষয়ক শংসাপত্র দেবেন যা উক্ত গ্রাম পঞ্চায়েতের নির্বাহী সহায়ক / সচিব / সহায়ক প্রত্যয়িত করবেন।

৩. সাধারণ প্রার্থীর বয়স ০১.০১.২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে বয়ঃসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪. প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। মাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় অনুত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। সেক্ষেত্রে মাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জন্য মূল্যায়ন বা বিবেচনার সুবিধা থাকবে না।

৫. উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড-ওয়ান এবং গ্রেড-টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষন প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কারগন সংশ্লিষ্ট বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনায় যোগ্য হবেন।

৬. সাব সেন্টার সন্নিহিত সংসদসমূহের ২০০১ সালের জনগননা তথ্য প্রক্ষেপণ করে তপশিলী জাতি / উপজাতি অধ্যুষিত রুপে ঘোষিত ক্ষেত্রে উপযুক্ত আধিকারিক দ্বারা প্রদত্ত তপশিলী জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের জন্য বিবেচিত হবেন।

৭. আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত প্রমাণ পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যয়িত প্রতিলিপি জমা দিতে হবে। প্রযোজ্য প্রমানপত্র গুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদন পত্রটি গ্রাহ্য হবে না।

ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড / সার্টিফিকেট।

খ. মাধ্যমিক বা সমতূল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার মার্কশিট।

গ. এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড।

ঘ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলী জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)

ঙ. প্রার্থীর স্বাক্ষর সম্বলিত দুই (২) কপি পাসপোর্ট সাইজ ফটো।

চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড-১ এবং গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠী ভূক্ত সদস্যা / প্রশিক্ষণ প্রাপ্ত ধাই / লিংক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে)

ছ. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিছিন্না মহিলা হওয়ার প্রমাণপত্র। (প্রযোজ্য হলে)

জ. বিবাহিতা মহিলাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র এবং বিধবা মহিলাদের ক্ষেত্রে স্বামীর মৃত্যুর প্রমাণপত্র দাখিল করতে হবে।

**নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই জমাকৃত প্রমাণপত্রের আসল দেখাতে হবে।**

৮. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ, সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে।

৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ- উপরোধ গ্রাহ্য করা হবে না।

১০. আবেদন পত্র জমা দেওয়ার স্থানঃ **সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ, করিমপুর -১ নং সমষ্টি উন্নয়ন করণ গ্রামঃ শিকারপুর পোষ্টঃ শিকারপুর, থানাঃ মুরুটিয়া, জেলাঃ নদীয়া, পিনঃ ৭৪১১৫৮**

১১. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৬/০৬/২০২২, বিকেল ০৩ টা পর্যন্ত (শনিবার, রবিবার ও সরকারি ছুটির দিন ব্যতীত)

সমষ্টি উন্নয়ন আধিকারিক
করিমপুর -১ নং সমষ্টি উন্নয়ন করণ
শিকারপুর , মুরুটিয়া, নদীয়া।

পত্রাঙ্কঃ ১২০৫/(১)/(১১)/কে.এম.পি.-১

তারিখঃ ১৮.০৫.২০২২

অবগতির এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলোঃ-

১. মাননীয় জেলাশাসক, নদীয়া ।
২. মাননীয় মহকুমা শাসক, তেহট্ট, নদীয়া।
৩. মাননীয় জেলা স্বাস্থ্য আধিকারিক, নদীয়া।
৪. মাননীয় মহকুমা স্বাস্থ্য আধিকারিক, নদীয়া।
৫. মাননীয় জেলা অধিকর্তা, এন. আই. সি. নদীয়া জেলার ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য।
৬. মাননীয় মহকুমা তথ্য ও সম্প্রচার আধিকারিক, স্থানীয় সংবাদপত্রে বিজ্ঞাপন প্রদানের জন্য।
৭. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, ..............................................................
৮. মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, ..............................................................
৯-১১) প্রধান, হোগলবাড়ীয়া /করিমপুর -২/হরেকৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েত ।

সমষ্টি উন্নয়ন আধিকারিক
করিমপুর -১ নং সমষ্টি উন্নয়ন করণ
শিকারপুর , মুরুটিয়া, নদীয়া।

| For Office use only |
|---|
| Received on............... |
| Index No. .................. |
| Roll No........................ |

# আবেদন পত্র

**সারণী -১**

| প্রত্যয়িত পাসপোর্ট মাপের সাম্প্রতিক ছবি আঠা দিয়ে লাগান। পিন/ স্ট্রাপল/সেলাই করবেন না। |
|---|

প্রতি,
সমষ্টি উন্নয়ন আধিকারিক, ................................. ব্লক
আমি নীচে বিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথি সহ ব্লকের অন্তর্গত ......................................... সাব সেন্টারের 'আশাকর্মী' পদের জন্য আমার আবেদন দাখিল করছি।

১. আবেদনকারীর নাম :
২. পিতার নাম :
৩. স্বামীর নাম :
৪. সাধারণ বসবাসের ঠিকানা

গ্রাম :
পোষ্ট :
জেলা : নদীয়া
সংসদ :
থানা :
পিন :

৫. যোগাযোগ টেলিফোন (Mobile) নং :
৬. বৈবাহিক স্থিতি : ☐ বিবাহিত / ☐ বিবাহ বিচ্ছিন্না / ☐ বিধবা
৭. সাবসেন্টার থাকে বসবাসের ঠিকানার হাঁটাপথে দূরত্ব ........................... কি.মি.
৮. জন্ম তারিখ :
৯. বয়স : ...................... বছর ......................... মাস ................... দিন
১০. জাতিগত শ্রেণী
১১. ক. নির্বাচক সচিত্র পরিচয় পত্র নং
খ. তপশিলী জাতি ও উপজাতি সার্টিফিকেট নং
গ. আধার নং
ঘ. রেশন কার্ড নং

১২.

| ০১.০১.২০২২ তারিখের নির্বাচক তালিকা অনুযায়ী | অংশ নং | ক্রমিক নং |
|---|---|---|
| আবেদনকারিনীর | | |
| বিবাহিতার ক্ষেত্রে জীবিত স্বামীর | | |
| বিধবার ক্ষেত্রে পিতার | | |
| বিবাহবিচ্ছিনার ক্ষেত্রে পিতার | | |

১৩. শিক্ষাগত যোগত্যাঃ মাধ্যমিক / তৎসমতুল পরিক্ষায় প্রাপ্ত মোট নম্বর (অতিরিক্ত বিষয় ছাড়া)

| পরীক্ষার নাম | বোর্ড / ইউনিভার্সিটি | পাশ করার বছর | মোট প্রাপ্ত নম্বর | শতকরা হিসাবে প্রাপ্ত নম্বর | প্রাপ্ত বিভাগ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

১৪. কোনও কাজের অভিজ্ঞতা (যদি থাকে):

আমি পূর্ন জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষনা করছি যে, উপরিউক্ত তথ্যাদির প্রামাণ্য নথি সত্য। কোনও তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমানিত হলে আমি দন্ডনীয় থাকবো। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন।

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

প্রত্যায়িত নকল গ্রথিত :
১. অ্যাডমিট কার্ডের জন্য পাসপোর্ট ছবি (পিন/ স্টাপল/সেলাই করবেন না)।
২. ০৫ টাকার ডাকটিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম (১০.৫" x ৪.৫")।
৩. স্বপ্রত্যায়িত মাধ্যমিক অ্যাডমিট কার্ড / বয়সের প্রমান।
৪. স্বপ্রত্যায়িত মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশিট।
৫. নির্বাচক সচিত্র পরিচয় পত্র / রেশন কার্ড।
৬. তপশিলী জাতী ও উপজাতী সার্টিফিকেট (প্রযোজ্য হলে)।
৭. স্বনির্ভরগোষ্ঠী / প্রশিক্ষন প্রাপ্ত ধাই / লিংক ওয়ার্কার সংক্রান্ত প্রমান পত্র (প্রযোজ্য হলে)

**(কেবলমাত্র অফিসে ব্যবহারের জন্য)**

আবেদনপত্রটি পরীক্ষা করে মনোনীত করা হলো
পরীক্ষাকারী আধিকারিকের পূর্ণ স্বাক্ষর : ......................................................................................
পরীক্ষাকারী আধিকারিকের নাম এবং পদ : ......................................................................................